



“একটাই লক্ষ্য,  
হতে হবে দক্ষ”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
সাতক্ষীরা সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ  
সাতক্ষীরা।

“মুজিব বর্ষের আঙ্গান,  
দক্ষ হয়ে বিদেশ যান”

website : [www.satkhiratsc.gov.bd](http://www.satkhiratsc.gov.bd) ; e-mail : [stsc76@yahoo.com](mailto:stsc76@yahoo.com)

স্মারক নং- ৫৭.০৩.০০৮৭.৫০০.০১.২২-৬৪০

তারিখঃ ০৬/১১/২০২২ খ্রিঃ

বেকারত্ব ঘুচাতে চাও  
হাতে কলমে প্রশিক্ষণ নাও

ভর্তি বিজ্ঞপ্তি

কারিগরি শিক্ষা ও বৃত্তিমূলক প্রশিক্ষণ  
সামগ্রিক উন্নয়নের চালিকা শক্তি

দেশে ও বিদেশে শিক্ষিত ও দক্ষ পেশার গাড়ি চালক/ড্রাইভারের চাহিদা পূরণের লক্ষ্যে অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ কর্তৃক Tranche-3 এর আওতায় ব্যাচ নং-৯ম ও ১০ম বাস্তবায়নধীন Skills for Employment Investment Program (SEIP) প্রকল্পের অর্থায়নে কারিগরি শিক্ষা অধিদপ্তরধীন সাতক্ষীরা সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজে সম্পূর্ণ সরকারি খরচে ৪(চার) মাস মেয়াদী ‘Motor Driving with Basic Maintenance’ কোর্স (ডিসেম্বর-মার্চ) ২০২৩ এর জন্য ব্যাচ নং-৯ম (সকাল) এ ২০(বিশ) জন ও ব্যাচ নং-১০ম (বিকাল) এ ২০(বিশ) জন করে মোট ৪০(চল্লিশ) জন প্রশিক্ষণার্থী ভর্তি করা হবে।

১.	প্রশিক্ষণের মেয়াদ	ঃ	৪(চার) মাস/ (৩৬০ ঘন্টা)
২.	আসন সংখ্যা	ঃ	প্রতি ব্যাচে ২০ জন
৩.	ক্লাসের সময়	ঃ	৯ম ব্যাচ : সকাল ৮:৩০ মিঃ হতে দুপুর ১:০০ ঘটিকা পর্যন্ত। ১০ম ব্যাচ : দুপুর ২:১৫ মিঃ হতে সন্ধ্যা ৬:৪৫ মিঃ পর্যন্ত।
৪.	শিক্ষাগত যোগ্যতা	ঃ	ন্যূনতম অষ্টম শ্রেণি/জেএসসি/জেডিসি/এসএসসি সমমান পাশ।
৫.	বয়স	ঃ	২১ বৎসর হতে ৩৫ বৎসর পর্যন্ত।
৬.	আবেদনপত্রের সহিত আবেদনকারী কর্তৃক সরবরাহকৃত ডকুমেন্ট	ঃ	ক) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি। খ) সদ্য তোলা (সাদা ব্যাকগ্রাউন্ডে) ৪(চার) কপি পাসপোর্ট সাইজের ছবি। (০১ কপি সত্যায়িত) গ) শিক্ষাগত যোগ্যতার সনদ (সত্যায়িত ফটোকপি)। ঘ) পৌর মেয়র/কাউন্সিলর/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/মেম্বর কর্তৃক অভিভাবকের বার্ষিক আয়ের সনদপত্র এবং বেকারত্বের সনদপত্র। (মূল ও সত্যায়িত ফটোকপি) ঙ) অঙ্গীকার নামা ও অভিভাবকের সম্মতি পত্র। চ) দৃষ্টিশক্তি : নন কালার (ব্রাইডনেস) সহ সিভিল সার্জন কর্তৃক স্বাস্থ্য সনদ (যাহা ভর্তির সময় আবশ্যিক ভাবে জমা দিতে হবে)।
৭.	আবেদনপত্র সংগ্রহ	ঃ	ক) প্রতিষ্ঠানের ওয়েব সাইট <a href="http://www.satkhiratsc.gov.bd">www.satkhiratsc.gov.bd</a> হতে আবেদনপত্র ডাউনলোড করা যাবে। অথবা, খ) ওয়ান চয়েচ কম্পিউটার, আমতলা মোড় হতে সংগ্রহ করা যাবে।
৮.	আবেদনপত্র বিতরণ ও জমাদানের তারিখ	ঃ	০৮/১১/২০২২ খ্রিঃ হতে ১৭/১১/২০২২ খ্রিঃ বিকাল ৫:০০ ঘটিকা পর্যন্ত।
৯.	ফ্রিট মুক্ত তালিকা প্রকাশ	ঃ	১৮/১১/২০২২ খ্রিঃ (শুক্রবার) বিকাল ৫:০০ ঘটিকায় ফ্রিট মুক্ত তালিকা প্রকাশ।
১০.	লিখিত পরীক্ষা	ঃ	১৯/১১/২০২২ খ্রিঃ (শনিবার) সকাল ৯:০০ ঘটিকায়।
১১.	মৌখিক পরীক্ষা/এ্যাপটিটিউড টেস্ট	ঃ	২৬/১১/২০২২ খ্রিঃ (শনিবার) সকাল ৯:০০ ঘটিকায় (পরীক্ষা শেষে নির্বাচিত প্রার্থীদের নামের তালিকা প্রকাশ)।
১২.	নির্বাচিত প্রার্থীদের ভর্তির তারিখ	ঃ	৩০/১১/২০২২ খ্রিঃ হতে ০৪/১২/২০২২ বিকাল ৫:০০ ঘটিকা পর্যন্ত।
১৩.	অপেক্ষামান তালিকা থেকে ভর্তির তারিখ	ঃ	০৫/১২/২০২২ খ্রিঃ হতে ০৭/০৯/২০২২ বিকাল ৫:০০ ঘটিকা পর্যন্ত।
১৪.	ওরিয়েন্টেশন/ক্লাস শুরু তারিখ ও সময়	ঃ	০৮/১২/২০২২ খ্রিঃ (বৃহস্পতিবার) সকাল ১০:০০ ঘটিকায় (উভয় ব্যাচ)।

#### শর্তাবলীঃ


- আবেদনকারীকে অবশ্যই ড্রাইভিং পেশায় আগ্রহী হতে হবে এবং ক্লাসে ১০০% উপস্থিত থাকতে হবে।
- অসম্পূর্ণ আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে।
- জন্ম তারিখ ৩১/১২/১৯৮৭ খ্রিঃ হতে ০১/১২/২০০১ খ্রিঃ এর মধ্যে থাকতে হবে।
- ইতোপূর্বে যারা বাংলাদেশের যে কোন প্রতিষ্ঠান থেকে SEIP এর অধীনে যে কোন কোর্স করেছেন তাদের আবেদন করার প্রয়োজন নেই।
- যে কোন প্রতিষ্ঠানের অধ্যয়নরত ছাত্র-ছাত্রীদের আবেদন করার প্রয়োজন নেই।
- ফৌজদারী মামলা থাকলে আবেদন করার প্রয়োজন নেই।
- আবেদনপত্রের সহিত সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান হতে প্রসংসাপত্র/নম্বরপত্র/সনদপত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে।
- ওরিয়েন্টেশন/প্রথম ক্লাসে বৈধ অভিভাবক অবশ্যই সঙ্গে আনতে হবে।

#### সুবিধা সমূহঃ

- দরিদ্র, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং সুবিধাবঞ্চিত অন-অগ্রসর শ্রেণির যুব/যুব মহিলাদের ভর্তির ক্ষেত্রে অগ্রাধিকার দেওয়া হবে।
- বাজেট প্রাপ্তি সাপেক্ষে ও নিয়মিত উপস্থিতি এবং BRTA, সাতক্ষীরা কর্তৃক উত্তীর্ণ হলে প্রতি ক্লাশের জন্য নির্ধারিত হারে যাতায়াত ভাতা প্রদান করা হবে।
- বিদেশে কর্মসংস্থানের সুবিধার্থে ইংরেজী এবং আরবি ভাষার ক্লাস এই প্রশিক্ষণে অন্তর্ভুক্ত রয়েছে।
- প্রশিক্ষণ শেষে দেশে বিদেশে কর্মসংস্থানের সুযোগ আছে।
- প্রশিক্ষণ শেষে BRTA, সাতক্ষীরা কর্তৃক গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ প্রশিক্ষণার্থীদেরকে সরকারি খরচে ড্রাইভিং লাইসেন্স প্রদান করা হবে।

#### বিঃ দ্রঃ

- চূড়ান্ত তালিকা অনুযায়ী নির্বাচিত প্রার্থীগণ নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি হতে ব্যর্থ হলে অপেক্ষামান তালিকা হতে মেধা ক্রম অনুসারে ভর্তি নেওয়া হবে।
- এই ভর্তি বিজ্ঞপ্তি সম্পূর্ণ বাতিল, পরিবর্তন, পরিবর্ধন এবং সংশোধনের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

  
(প্রকৌঃ মোঃ মঈনুল হোসেন)  
অধ্যক্ষ (সরপ্রাঃ)

সাতক্ষীরা সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ  
সাতক্ষীরা।

ফোনঃ ০২৪৭৭৭৪০০৬১